

# জাতি গঠনে শিক্ষিত মেয়েদের ভূমিকা অপরিসীমঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডঃ এ মজিদ খান বলেন, জাতি গঠনের কাজে বিশেষ করে যুব শিক্ষারদেব দেশের উপ-যুক্ত নাগরিক হিসাবে গড়ে তোলার ব্যাপারে মেয়েদের ভূমিকা অপরিসীম। শুধু চাকরি গৃহণের জন্য নয়, সমাজ গঠনে শিক্ষিত মাংসের যথেষ্ট ভূমিকা রয়েছে।

শিক্ষামন্ত্রী বৃথবার দুপুরে আনোয়ারা বেগম মুসলিম উচ্চ স্কুলে বিদ্যালয়ের বার্ষিক পূর্বেকার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভূষণ দানকারে উপস্থিত হন।

ডঃ খান বলেন, বর্তমান সরকার শিক্ষা ব্যবস্থা ঢেলে সাজানোর ব্যবস্থা নিয়েছেন। এ ব্যাপারে আন্তর্জাতিক ও সমাজের করণীয় অনেক কিছু রয়েছে। প্রত্যাবৃত্ত শিক্ষানীতি

ব্যাখ্যা করে, মন্ত্রী বলেন, শিক্ষার সুযোগ এবং শিক্ষা গৃহণের অধিকারও হবে সবার জন্য সমান। তাছাড়া, শিক্ষা হবে সার্বজনীন ও গণমুখী। এই নীতি ও লক্ষ্যে সামনে রেখে শিক্ষার সাথে সাথে প্রযুক্তিকে বাস্তব ও সম্ভাবনাময় করে তুলতে হবে।

শিক্ষামন্ত্রী শিক্ষার প্রকৃত উদ্দেশ্য ব্যাখ্যা করে বলেন, দেশের তরুণ সমাজকে এমনভাবে শিক্ষিত করে গড়ে তুলতে হবে, যাতে প্রত্যেকের যার ক্ষমতা ও দক্ষতা অনুযায়ী পরিবার, সমাজ ও জাতীয় দায়িত্ব পালনে সক্ষম হয়।

মেয়েদের বৃত্তিমূলক ওপর গুরুত্ব আরোপ আরও বলেন, বিদেশে (শেষ পৃষ্ঠা ৪-এর ক.)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃষ্ঠা পর)

উভয়কে সেলাইয়ের কাজ শিখানো হয়। কিন্তু আমাদের দেশ ছেলে-মেয়েদের লেখাপড়া ও অন্যান্য ব্যাপারে ব্যবধান গড়ে উঠেছে। প্রযুক্তিমূলক শিক্ষা বাতিল হওয়া উচিত। এই প্রবণতাকে অবশ্যই রোধ করতে হবে। জাতীয় উৎপাদন বৃদ্ধির সাথে সাথে জাতীয় সম্পদ বনাও বেড়ে যাবে। অন্যথায় আমাদের ব্যবহারিক জীবনে সংকেচন নেমে আসবে।

নারী শিক্ষার অগণিত সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, নারী শিক্ষা সম্পর্কে সরকার সম্পূর্ণ সচেতন। অগেকার চেয়ে নারী শিক্ষার সুযোগ অনেক বেড়েছে। তবে তিনি দুঃখ প্রকাশ করে বলেন, পূর্বের তুলনায় নারী শিক্ষার হার অত্যন্ত কম। এ ব্যাপারে নারী সমাজকে অগণী ভূমিকা পালন করতে হবে এবং দেশের নারী সমাজে শিক্ষা বিস্তারের ব্যাপারে নয় জাগরণের সূচনা করতে হবে।

শিক্ষার মান উন্নয়ন প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, দেশের সর্বত্র শিক্ষার মান একই পর্যায়ের হবে এবং শ্রেণীকক্ষে শিক্ষার মান উন্নয়ন করতে হবে।

ইতিপূর্বে শিক্ষামন্ত্রীকে স্বাগত জানিয়ে ভাষণ দেন বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আবদুল হামিদ তালুকদার।

অনুষ্ঠান শেষে শিক্ষামন্ত্রী কাজী প্রতিযোগিতায় বিজয়ী ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। শব্দ তথ্য বিবরণীর।